# উপজেলা মা ও শিশু সহায়তা কর্মসূচি বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি : পাপিয়া আক্তার
উপজেলা নির্বাহী অফিসার, বাসাইল, টাঙ্গাইল।
সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, বাসাইল, টাঙ্গাইল।
তারিখ ও সময় : ২৪ আগস্ট ২০২৩ খ্রিঃ, সময়ঃ বেলা ১১.৩০ টা

সভায় উপস্থিতি : সংশ্লিষ্ট নথিতে সংরক্ষিত

সভাপতি সভার প্রারম্ভে উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>০১</td><td>উপকারভোগী চূড়ান্ত নির্বাচন</td><td>সদস্য সচিব সভায় জনান যে, মহিলা বিষয়ক অধিদপ্তরের নির্দেশনা এবং ০৩ আগস্ট ২০২৩ তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী ৩-২০ তারিখ পর্যন্ত বাসাইল উপজেলার সংশ্লিষ্ট উদ্যোক্তগণ আবেদনকারীদের আবেদন অনলাইনে এন্ট্রি করেন। জুন-আগস্ট/২০২৩ মাসে পৌরসভা ও ইউনিয়ন পরিষদ হতে অনলাইনে মোট ১৭১ টি আবেদন পত্র পাওয়া গিয়েছে। প্রাপ্ত আবেদন সমূহ সভায় উপস্থাপন করেন। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় কর্তৃক পৌরসভায় ও ইউনিয়ন পরিষদে যাচাই বাছাই, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ের তথ্য এবং আবেদন পত্র সমূহ বিবেচনা পূর্বক নিম্নলিখিতভাবে ভাতাভোগী নির্বাচন করা হয়।
<table>
<tr><th>ক্র: নং</th><th>পৌরসভা/ ইউনিয়নের নাম</th><th>প্রতি মাসে বরাদ্দ</th><th>জুন-আগস্ট/২৩ মাসে প্রাপ্ত মোট আবেদন</th><th>জুলাই ও আগস্ট/২৩ মাসে মোট নির্বাচন</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>০১</td><td>বাসাইল পৌরসভা</td><td>১৩</td><td>২৮</td><td>২৬</td><td></td></tr>
<tr><td>০২</td><td>বাসাইল</td><td>০৬</td><td>২২</td><td>১২</td><td></td></tr>
<tr><td>০৩</td><td>ফুলকী</td><td>০৬</td><td>৬৪</td><td>১২</td><td></td></tr>
<tr><td>০৪</td><td>হাবলা</td><td>০৬</td><td>৪০</td><td>১২</td><td></td></tr>
<tr><td>০৫</td><td>কাঞ্চনপুর</td><td>০৬</td><td>৬৫</td><td>১২</td><td></td></tr>
<tr><td>০৬</td><td>কাশিল</td><td>০৬</td><td>৫৬</td><td>১২</td><td></td></tr>
<tr><td>০৭</td><td>কাউলজানী</td><td>০৬</td><td>৫২</td><td>১২</td><td></td></tr>
<tr><td></td><td>মোট=</td><td>৪৯ টি</td><td>৩২৭ টি</td><td>৯৮ টি</td><td></td></tr>
</table>
সদস্য সচিব সভায় আরও জানান যে, আবেদন করার ক্ষেত্রে ৪-৬ মাসের গর্ভাবস্থার মধ্যে আবেদন করার বাধ্যবাধকতা রয়েছে। কোন আবেদনকারী ৪ মাস গর্ভধারণের সময় আবেদন করলে পরবর্তী ২ মাসের মধ্যে সমন্বয় করা যেতে পারে।</td><td>১. সভায় সর্বসম্মতিক্রমে ভাতাভোগী তালিকা অনুমোদিত হয়।<br><br>২. আবেদনকারীগণকে ভাতা প্রদানের সর্বোচ্চ সুবিধা দেয়ার জন্য পরবর্তী মাস সমূহে আবেদন সমন্বয় করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।</td><td>১. মেয়র, পৌরসভা, বাসাইল, টাঙ্গাইল।<br><br>২. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাসাইল, টাঙ্গাইল।<br><br>৩. চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, বাসাইল, টাঙ্গাইল।</td></tr>
<tr><td>০২</td><td>মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ভাতা পরিশোধ সংক্রান্ত</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ভাতাভোগীগের ভাতার অর্থ মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে পরিশোধ করা হলে ভাতাভোগী ঘরে বসে তার ভাতার অর্থ গ্রহণ করতে পারবেন। বিভিন্ন প্রতারকচক্র ভাতাভোগীর মোবাইল নম্বর হ্যাক করে তার হিসাবের টাকা হাতিয়ে নিতে পারে। এজন্য মোবাইলে রকেট হিসাব খুললে অতিরিক্ত একটি কোড নম্বর থাকে, যা প্রতারকচক্রের পক্ষে সংগ্রহ করা কঠিন হবে। মোবাইল ব্যাংকিং এ রকেট হিসাব খুলতে হলে নিম্নলিখিত বিষয় সমূহ বাস্তবায়ন</td><td>১. মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ভাতা পেতে ইচ্ছুক আবেদনকারীদের নিজের নামে রেজিস্ট্রেশনকৃত সিমে রকেট হিসাব খুলে আবেদন করার সিদ্ধান্ত</td><td>১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাসাইল, টাঙ্গাইল।</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | | করতে হবে।<br>➢ আবেদনকারীর নিজ নামে রেজিস্ট্রেশনকৃত সিম থাকতে হবে।<br>➢ উক্ত সিমে রকেট হিসাব খুলতে হবে।<br>➢ আবেদন করার সময় উদ্যোক্তাগণকে রকেট হিসাব ব্যবহার করে আবেদন করতে হবে।<br>➢ আবেদনকারী যেন রকেট হিসাবের পিন নম্বর কারও সাথে শেয়ার না করে সে বিষয়ে সচেতন করতে হবে।<br>➢ ভাতাভোগী হিসেবে নির্বাচিত হলে রকেট হিসাব এবং সিমটি চালু রাখতে হবে। | গ্রহণ করা হয়।<br><br>২. প্রতারকচক্র ভাতার অর্থ যেন হ্যাক করতে না পারে, সে জন্য পোর্টলে অনুমোদিত তালিকা প্রকাশ করার ক্ষেত্রে ভাতাভোগীর মোবাইল নম্বর ও ভাতা প্রদানের মাধ্যম গোপন রেখে প্রকাশ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ যথাযথভাবে বাস্তবায়নের আহবান জানান এবং সকল সদস্যদেরকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/০৮/২০২৩

পাপিয়া আক্তার
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা মা ও শিশু সহায়তা কর্মসূচি বাস্তবায়ন কমিটি
বাসাইল, টাঙ্গাইল।

স্মারক নং : ৩২.০১.৯৩০৯.০০০.৩৪.০৫৩.২২. ২৭৯ তারিখঃ ২৪ /০৮/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. কর্মসূচি পরিচালক (মা ও শিশু সহায়তা কর্মসূচি), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
০২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাসাইল, টাঙ্গাইল।
০৩. মেয়র, বাসাইল পৌরসভা, বাসাইল, টাঙ্গাইল।
০৪. উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, টাঙ্গাইল।
০৫. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাসাইল, টাঙ্গাইল।
০৬. উপজেলা, ................................................ কর্মকর্তা, বাসাইল, টাঙ্গাইল।
০৭. চেয়ারম্যান, ...................................... ইউনিয়ন পরিষদ, বাসাইল, টাঙ্গাইল।
০৮. জনাব ..........................................., বাসাইল, টাঙ্গাইল।
০৯. অফিস নথি।

২৪/৮/২৩

কনিকা মল্লিক
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
বাসাইল, টাঙ্গাইল।